

## ড্রেসমেকিং ও টেইলারিংয়ে প্রশিক্ষণ

হাসান আশিক

বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় ড্রেসমেকিং অ্যান্ড টেইলারিং শিল্পে প্রশিক্ষণ দেওয়া হবে। এ প্রকল্পের মাধ্যমে তিন বছরে আড়াই হাজার নারী-পুরুষ প্রশিক্ষণ পাবে। এরই মধ্যে ১২৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এর মধ্যে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করা হয়েছে। বাকিদের গড়ে তোলা হয়েছে উদ্যোক্তা হিসেবে। যোগ্যতার মাপকাঠি আবেদনকারীকে এইচএসসি পাস হলেই চলবে। বয়স হতে হবে ১৫ থেকে ৪৫ বছরের মধ্যে। আবেদনের ক্ষেত্রে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে পুরুষ প্রার্থীরাও আবেদন করতে পারবেন। ন্যূনতম ৮০ শতাংশ ক্লাসে উপস্থিত থাকতে হবে। প্রকল্পের প্রথম পর্যায়ে শুধু ঢাকা ও রাজশাহী বিভাগের জেলাগুলোতে এ প্রশিক্ষণ দেওয়া হবে। পরে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও অর্থায়ন অনুসারে দেশের অন্যান্য জেলায় কার্যক্রম শুরু হবে। আবেদন ও বাছাই প্রক্রিয়া প্রার্থীদের আবেদন করতে হবে নির্ধারিত ফরমে। আর এ আবেদন ফরম পাওয়া যাবে সংশ্লিষ্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে। আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধনের কপি ও চার কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। প্রতি ব্যাচে নেওয়া হয় ২৫ জন। যেসব জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে আবাসন সুবিধা আছে, সেসব কেন্দ্রে দেওয়া হবে আবাসন সুবিধা। তবে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে দেখা হবে প্রশিক্ষণের মাধ্যমে প্রার্থীর আত্মকর্মসংস্থান বা চাকরির মানসিকতা আছে কি-না! প্রশিক্ষণ ব্যবস্থা প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। প্রতিটি ক্লাস ৪ ঘণ্টা করে। ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হবে ৮০ শতাংশ। বাকিটা তাত্ত্বিক। এ খাতের মৌলিক বিষয়ে ধারণা দেওয়া হবে। পোশাক তৈরির যাবতীয় বিষয়ে ব্যবহারিক বা সরাসরি কাজ শেখানো হবে। ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়ার জন্য থাকবে সেলাই মেশিনসহ আধুনিক প্রশিক্ষণ সামগ্রী। ভাতা ও সনদ প্রশিক্ষণের জন্য প্রার্থীর কাছ থেকে কোনো ফি নেওয়া হবে না, বরং প্রশিক্ষণ শেষে ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে একজন প্রার্থী পাবেন তিন হাজার টাকা। এ টাকা দেবে বাংলাদেশ ব্যাংক। এ ছাড়াও দেওয়া হবে প্রশিক্ষণ সনদ। চাকরি ও ঋণ সুবিধা প্রশিক্ষণ শেষে দক্ষদের চাকরি পাওয়ার ক্ষেত্রে সহযোগিতা করবে প্রতিষ্ঠান। এ ছাড়া নিজেরা দোকান বা ছোট কারখানা করতে চাইলে সহায়তা করা হবে। এ ছাড়াও আগে থেকেই যাদের পোশাক তৈরির টেইলারিং দোকান বা কারখানা আছে, তাদের ব্যাংক ঋণ দেওয়া হবে। বিস্তারিত তথ্যের জন্য প্রশিক্ষণের জন্য প্রার্থী আহ্বান করে পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হবে। বিজ্ঞাপনে সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নাম উল্লেখ থাকবে। সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে সব তথ্য। এ ছাড়াও ০২-৯৫৫৬৪৪৩ নম্বরে ফোন করতে পারেন। ০১৭৩৩-৩৩৯৫৩৩ নম্বরে মোবাইল করেও জানতে পারেন। তাছাড়া [www.bksc.gov.bd](#) এই ওয়েবসাইট তো আছেই! আবেদন করুন নিয়ম মেনে।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

